New York State
EDUCATION DEPARTMENT
Knowledge › Skill › Opportunity

# মা-বাবার জন্য তথ্য পত্র

## ESSA দায়বদ্ধতা ও নিউ ইয়র্ক স্কুলগুলি: স্কুলের নতুন রেটিং সম্পর্কে বোঝা

Every Student Succeeds Act (এভরি স্টুডেন্ট সাকসীডস অ্যাক্ট), বা ESSA, হল K-12 পাবলিক শিক্ষার জন্য মূল ফেডারেল আইন, যার লক্ষ্য হল সকল শিশু যাতে একটি গুণমানসম্পন্ন শিক্ষা লাভ করে তা সুনিশ্চিত করা। আইনটি অনুসারে শিক্ষার্থীরা যেভাবে সাফল্য অর্জন করে তার জন্য পাবলিক স্কুলগুলিকে স্টেট দায়বদ্ধ রাখে। ESSA স্টেটগুলিকে নমনীয়তা দেয় - তাদের দায়বদ্ধতা ব্যবস্থাগুলি পরীক্ষার নিছক স্কোরগুলির থেকেও আরো বেশি কিছু পরিমাপ করতে পারে।


ESSA শিক্ষামূলক সমতা প্রচার করে, যার অর্থ হল এই যে সকল শিক্ষার্থী স্কুলে সাফল্য ও উন্নতি লাভ করে তা তারা যেই হোক, যেখানেই থাকুক, বা যেখানের স্কুলেই যাক না কেন। স্কুলগুলি কোনটা ভাল করছে এবং উন্নতি করার জন্য তাদের কী করা প্রয়োজন সেই সম্পর্কে অকপট কথোপকথনের সূচনা করার মাধ্যমে দায়বদ্ধতা ব্যবস্থাগুলি এটিকে সম্ভব করে তুলতে সাহায্য করে। দায়বদ্ধতা ব্যবস্থাগুলি উচ্চরূপে-কার্যকর স্কুলগুলির কাছ থেকে শেখার সুযোগ প্রদান করে এবং সেইসকল ডিস্ট্রিক্ট ও স্কুলগুলিকে ফান্ড ও সম্পদ প্রদান করে যাদের উন্নতি করা প্রয়োজন।

### নতুন দায়বদ্ধতা ব্যবস্থা

স্কুলের কার্যসম্পাদন পরিমাপ করার জন্য নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (New York State Education Department, NYSED) এক সেট নতুন সূচক স্থাপন করেছে। স্টেট ব্যাপী হাজার হাজার মানুষ - মা-বাবা, শিক্ষাবিদ, এবং বিশেষজ্ঞদের মতামত নিয়ে NYSED এইসকল সূচকগুলিকে গড়ে তুলেছে। নতুন সূচকগুলি ইংরেজি ভাষা কলা ও গণিতে সাফল্য পরিমাপ করার উপরে সংকীর্ণ লক্ষ্যবিন্দুকে ছাপিয়ে যায়। এগুলির অন্তর্ভুক্ত হল অন্যান্য মূল বিষয়গুলি যেমন বিজ্ঞান ও সমাজবিদ্যা, এবং শিক্ষার্থীর উন্নতি ও স্কুলের অগ্রগতির উপর আরো অনেক বেশি সুদৃঢ় লক্ষ্যবিন্দু আছে। মূল্যায়নগুলি তাসত্ত্বেও একটি গুরুত্বপূর্ণ অংশ, কিন্তু নতুন দায়বদ্ধতা ব্যবস্থাটি একটি স্কুল কীভাবে কাজ সম্পাদন করছে তা দেখার একটি আরো সম্পূর্ণ রূপ প্রদান করে। স্কুলের কাজ সম্পাদনের শিক্ষা বহির্ভূত পদক্ষেপগুলিও নতুন ব্যবস্থাটির অন্তর্ভুক্ত।

নতুন সূচকগুলির অন্তর্ভুক্ত হল শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যলাভ, শিক্ষার্থীর উন্নতি এবং স্কুলের অগ্রগতি, ইংরেজি ভাষা শিক্ষার্থীদের অগ্রগতি, দীর্ঘস্থায়ী অনুপস্থিতি, এবং, হাই স্কুলগুলির জন্য, স্নাতকত্ব লাভের হার ও কলেজ, কর্মজীবন ও নাগরিক অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করা।

এইসকল সূচকগুলির প্রতিটির জন্য, প্রতিটি স্কুল “1” থেকে “4” এর মধ্যে একটি স্কোর অর্জন করে। এক হল সবচেয়ে কম। চার হল সবচেয়ে বেশি। সকল শিক্ষার্থীদের জন্য ও সকল শিক্ষার্থী উপদলগুলির জন্য স্কুলগুলি একটি স্কোর পায়, যেমন বর্ণগত ও জাতিগত দলগুলির সদস্য, স্বল্প-আয়সম্পন্ন শিক্ষার্থী, অক্ষমতা থাকা শিক্ষার্থী, এবং ইংরেজি ভাষা শিক্ষার্থী।



## স্কুলগুলিকে কীভাবে শ্রেণীভুক্ত করা হয়

দায়বদ্ধতা ব্যবস্থাটি স্কুলগুলিকে তিনটি বিভাগের একটিতে শ্রেণীভুক্ত করে: সুনাম সম্পন্ন, একটি সার্বিক সহায়তা ও উন্নতি (Comprehensive Support and Improvement, CSI) স্কুল, বা একটি অভীষ্ট সহায়তা ও উন্নতি (Targeted Support and Improvement, TSI) স্কুল। CSI ও TSI স্কুলগুলি উভয়ই অতিরিক্ত সহায়তা পাওয়ার যোগ্য।

একটি স্কুলকে CSI হিসাবে সনাক্ত করা যেতে পারে কারণ স্কুলটি নতুন সূচকগুলির সমন্বয়ের উপরে "1" পর্যায়ে কাজ সম্পাদন করে অথবা হাই স্কুলগুলির ক্ষেত্রে, যদি শিক্ষার্থীদের সকল দলের জন্য, স্নাতকত্ব লাভের হার 67 শতাংশের কম হয়। 2018-19 সালে শুরু করে, প্রতি তিন বছর অন্তর স্টেট ব্যাপী সকল স্কুলগুলির অন্তত 5 শতাংশকে নিউ ইয়র্ক CSI হিসাবে সনাক্ত করবে।

একটি স্কুলকে TSI হিসাবে সনাক্ত করা যেতে পারে যদি একটি বা তার বেশি শিক্ষার্থী উপদল নতুন সূচকগুলির সমন্বয়ের উপরে "1" পর্যায়ে কাজ সম্পাদন করে। কোনো একটি স্কুল সুনাম সম্পন্ন হলে, স্কুলটি TSI এ পরিণত হওয়ার আগে দুই বছর ধরে কম কার্যকারিতা থাকতে হয়।

## র‍্যাঙ্কিংগুলিকে কীভাবে কার্যে পরিণত করা হয়

এই শ্রেণীভুক্তি ব্যবস্থাটির উদ্দেশ্য হল সম্পূর্ণরূপে সমতা অর্জন করা। সবচেয়ে বেশি মনোযোগ দেওয়া প্রয়োজন এমন স্কুলগুলিকে সনাক্ত করার মাধ্যমে, NYSED ও স্কুল ডিস্ট্রিক্টগুলি এইসকল স্কুলগুলির উপরে সম্পদগুলিকে কেন্দ্রীভূত দিতে পারে।

আপনার শিশুর স্কুলটিকে যদি **CSI স্কুল** হিসাবে সনাক্ত করা হয়ে থাকে, তাহলে কয়েকটি পদক্ষেপ নেওয়া হবে:

- আপনার স্কুল একটি মূল্যায়ন সম্পন্ন করবে যাতে কোনটি ভালভাবে কাজ করে এবং কোনটি করে না তা নির্ধারণ করা যায়। মা-বাবা এবং জনসমাজের সদস্যদের এতে অংশগ্রহণ করার সুযোগ থাকবে। এরপর, আপনার স্কুল একটি স্কুল উন্নয়ন পরিকল্পনা গড়ে তুলবে।
- ডিস্ট্রিক্ট ও স্টেটের অনুমোদন পাওয়ার পরে, উন্নয়ন পরিকল্পনাটি কার্যে পরিণত করা হবে। এর অন্তর্ভুক্ত হবে কমপক্ষে একটি স্কুল-ব্যাপী উন্নয়ন কার্যকৌশল। এর অন্তর্ভুক্ত হতে পারে যেভাবে তহবিল খরচ হয় তার পরিবর্তন অথবা যেভাবে শ্রেণীকক্ষগুলি শিক্ষার্থীর সামাজিক ও মানসিক স্বাস্থ্যকে সহায়তা করে তা জোরদার করা। শিক্ষক ও কর্মীরা পেশাগত উন্নয়নে অংশগ্রহণ করবেন। এবং আপনার স্কুল উন্নয়নের কার্যকৌশলে সহায়তা করার জন্য অর্থতহবিল পাওয়ার যোগ্য হবে।
- কীভাবে স্কুলের কিছু অর্থতহবিল খরচ করা হয় সেই সিদ্ধান্ত নিতে মা-বাবা ও শিক্ষার্থীদের সাহায্য করার জন্য অথবা শিক্ষার্থী ও মা-বাবাদের মতামত ব্যক্ত করার সুযোগ দেয় এমন অন্যান্য কাজকর্মে তারা যুক্ত হওয়ার সুযোগ পান, তা আপনার স্কুল সুনিশ্চিত করবে।
- আপনার স্কুলটির যদি উন্নতি না ঘটে, তাহলে অতিরিক্ত পদক্ষেপের প্রয়োজন হবে, এবং যদি কম-কার্যকারিতা বহাল থাকে তাহলে স্কুলটিকে আধিকারিকের হেফাজতে (রিসিভারশিপ) স্থান দেওয়া হতে পারে।

আপনার শিশুর স্কুলটিকে যদি **TSI স্কুল** হিসাবে সনাক্ত করা হয়ে থাকে, তাহলে কয়েকটি পদক্ষেপ নেওয়া হবে:

- আপনার স্কুল একটি মূল্যায়ন সম্পন্ন করবে যাতে কোনটি ভালভাবে কাজ করে এবং কোনটি করে না তা নির্ধারণ করা যায় - মা-বাবা এবং জনসমাজের সদস্যদের এতে অংশগ্রহণ করার সুযোগ থাকবে। এরপর, আপনার স্কুল একটি স্কুল উন্নয়ন পরিকল্পনা গড়ে তুলবে।
- ডিস্ট্রিক্টের অনুমোদন পাওয়ার পরে, উন্নয়ন পরিকল্পনাটি কার্যে পরিণত করা হবে, এর অন্তর্ভুক্ত হল কমপক্ষে একটি স্কুল-ব্যাপী উন্নয়ন কার্যকৌশল। আপনার স্কুল ডিস্ট্রিক্টের কাছ থেকে অতিরিক্ত প্রযুক্তিগত সহায়তা পাবে।
- আপনার স্কুল মা-বাবা, শিক্ষক ও শিক্ষার্থীদের উপর প্রতি বছর সমীক্ষা চালাবে।
- যদি কয়েক বছর পরেও আপনার স্কুলের উন্নতি না ঘটে, তাহলে আপনার স্কুলকে CSI হিসাবে শ্রেণীভুক্ত করা হতে পারে।

আপনার স্কুল, ডিস্ট্রিক্ট এবং স্টেট সকল শিক্ষার্থীর জন্য একটি অসাধারণ শিক্ষা সুনিশ্চিত করার জন্য কাজ করে চলায় আপনার সহায়তার জন্য আপনাকে ধন্যবাদ। আরো সশক্ত একটি স্কুল গড়ে তোলায় আপনি কীভাবে যুক্ত হতে পারেন তা জানার জন্য অনুগ্রহ করে আপনার স্কুলের প্রিন্সিপালের সাথে যোগাযোগ করুন।